বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
জনসংযোগ ডিপার্টমেন্ট
৩, কাওরানবাজার বা/এ, ঢাকা-১২১৫।

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : গ্যাস সরবরাহ বন্ধ সংক্রান্ত বিষয়ে গুজবে বিভ্রান্ত না হওয়া প্রসঙ্গে।

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী চার দিন গ্যাস সরবরাহ বন্ধ থাকবে মর্মে একটি মহল কোনো কোনো সংবাদ মাধ্যমের ফটোকার্ড বানিয়ে উদ্দেশ্যপ্রণোদিতভাবে সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব রটিয়ে জনমনে আতংক সৃষ্টি করার অপচেষ্টায় লিপ্ত রয়েছে যা পেট্রোবাংলা কর্তৃপক্ষের দৃষ্টি গোচর হয়েছে। প্রকৃত বিষয় হলো, কক্সবাজারের মহেশখালীস্থ ২টি এলএনজি টার্মিনালের ১টি (সামিট এলএনজি) জরুরী রক্ষণাবেক্ষণ কাজের জন্য রিগ্যাসিফিকেশন কার্যক্রম বন্ধ থাকার কারণে বর্তমান গ্যাসের সরবরাহ আগামী চার দিন দৈনিক ২৫৭০ থেকে ২২৫০ মিলিয়ন ঘনফুটে নেমে আসতে পারে। ফলে গ্যাস সরবরাহ পুরোপুরি বন্ধ না হয়ে কোনো কোনো এলাকায় গ্যাসের সরবরাহ সাময়িক হ্রাস পেয়ে স্বল্প চাপ বিরাজ করতে পারে। জনগণকে কোনো ধরণের গুজবে বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

বার্তা প্রেরক :

০৩-১১-২০২৬

তারিকুল ইসলাম খান

উপ-মহাব্যবস্থাপক (জনসংযোগ)

পেট্রোবাংলা।